

2021

BENGALI

PAPER-II

Time Allowed — 3 Hours

Full Marks — 200

If the questions attempted are in excess of the prescribed number, only the questions attempted first up to the prescribed number shall be valued and the remaining ones ignored.

(উত্তর সাধু বা চলিত যেকোনো একটি ভাষারীতিতে হওয়া বাঞ্ছনীয়)

বিভাগ-ক

(যেকোনো তিনটি প্রশ্নের উত্তর লিখুন)

৪০×৩=১২০

- ১। বৈষ্ণব পদকারদের কাছে ‘পূর্বরাগ’ কথাটির প্রকৃত তাৎপর্য কী? এই পর্যায়ের পদরচনায় বিদ্যাপতি ও চণ্ডীদাসের কবিপ্রতিভার তুলনামূলক আলোচনা করুন।
- ২। “মুকুন্দরাম দুঃখের কথায় পঞ্চমুখ বটেন, তবু তাঁহাকে নৈরাশ্যবাদী কবি বলা যায় না।”— কালকেতুর উপাখ্যানের সামগ্রিক রসাবেদনের প্রেক্ষিতে এই মন্তব্যটি সমর্থন অথবা প্রত্যাখ্যান করুন।
- ৩। ‘মেঘনাদবধ কাব্যে’র প্রথম সর্গে রাবণ ও চিত্রাঙ্গদার সংলাপের মধ্যে দিয়ে উভয় চরিত্রের যে বৈশিষ্ট্য পরিস্ফুট হয়েছে উপযুক্ত উদ্ধৃতিসহ তা আলোচনা করুন।
- ৪। কপালকুণ্ডলা উপন্যাসের সূচনা থেকে সমাপ্তি পর্যন্ত প্রকৃতি এক অমোঘ ভূমিকায় অবতীর্ণ — উপন্যাসের ঘটনা-সংস্থান, চরিত্র বিকাশ ও পরিণতি এই প্রকৃতির দ্বারা প্রত্যক্ষ ও পরোক্ষভাবে কতখানি নিয়ন্ত্রিত হয়েছে লিখুন।
- ৫। “এই গ্রন্থের পরিচয় আছে ‘বাজে কথা’ প্রবন্ধে। অর্থাৎ ইহার যদি কোনো মূল্য থাকে তাহা বিষয়বস্তুগৌরবে নয়, রচনার সঙ্গোপে।”— ‘বিচিত্র প্রবন্ধ’ গ্রন্থের সূচনায় রবীন্দ্রনাথের এই মন্তব্য গ্রন্থটিতে কীভাবে সার্থক হয়ে উঠেছে প্রয়োজনীয় দৃষ্টান্তসহ আলোচনা করুন।

বিভাগ-খ

(যেকোনো দুটি প্রশ্নের উত্তর দিন)

৪০×২=৮০

- ৬। “চাণক্যের অসাধারণ ব্যক্তিত্ব সমস্ত কাহিনীকে একেবারে আচ্ছন্ন করিয়া রাখিয়াছে, তাঁহার পাশে চন্দ্রগুপ্তকে নিতান্ত স্তান ও অপরিষ্ফুট মনে হইয়াছে।”— ‘চন্দ্রগুপ্ত’ নাটক সম্বন্ধে সমালোচকের এই মন্তব্যের পক্ষে বা বিপক্ষে আপনার অভিমত লিপিবদ্ধ করুন।
- ৭। ‘আমার কৈফিয়ৎ’ কবিতা অবলম্বনে কাজী নজরুল ইসলামের কবিমানসের বিশিষ্টতার পরিচয় দিন।
- ৮। ইন্দিরঠাকরুন-সর্বজয়া-দুর্গা, ‘পথের পাঁচালী’ উপন্যাসের এই তিনটি চরিত্রের মধ্যে দিয়ে বাংলার গ্রামসমাজে নারীর অবস্থানের তাৎপর্য চিহ্নিত করুন।
- ৯। সংগ্রামী চেতনা সাধারণ মানুষের চরিত্রে যে অসামান্যতা আনে তেভাগা আন্দোলনের পটভূমিতে ময়নার মায়ের চরিত্রে সেই অসামান্যতার দিকটি ‘হারানের নাতজামাই’ গল্প অবলম্বনে পরিস্ফুট করুন।

20910

For guidance of WBCS Prelims , Main Exam and Interview by WBCS Gr A Officers/ Toppers, WBCS Prelims and Main Mock Test (Classroom & Online), Optional Subjects, Studymaterials, Correspondence Course etc.Call WBCSMadeEasy™ at 1800 572 9282 Or 8274048710 Or 9674493673 or mail us at mailus@wbcsmadeeasy.in